



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কমলগঞ্জ, মৌলভীবাজার।
www.kamolganj.moulvibazar.gov.bd



স্মারক নম্বর ০৫.৪৬.৫৮৫৬.০০২.০৩.০১১.২৩. ৭৭১

তারিখ : ১১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শন-কে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিট ব্যাপী ভিডিও চিত্র তৈরির জাতীয় প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উপজেলার সকল বিদ্যালয়, কলেজ ও তদুর্ধুর পর্যায়ের ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো;

প্রতিযোগিতার নিয়মাবলী

- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ খ্রি: তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে এ ক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- খ) ভিডিও ধারনের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- গ) মোবাইলে ভিডিও ধারনের ক্ষেত্রে আড়াআড়ি ভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ঘ) ভিডিও ধারনের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ঙ) ভিডিও ধারনের সময় অপয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- জ) ভিডিওটি ব্যাপ্তি সর্বোচ্চ এক মিনিট হতে হবে;
- ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ঝঃ) ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোনো পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে (সহকারী প্রোগ্রাম-০১৭৩২-১২৮৫৬১) ই-মেইল : shaon975@gmail.com

অনুরোধক্রমে

(সিফাত উদ্দিন)

উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।
মোবাইল: ০১৭৩০-৩৩১০৭৩
unokamalganj@mopa.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

০১। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলগঞ্জ, মৌলভীবাজার।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে-

০১। উপজেলা ----- কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার।

০২। চেয়ারম্যান ----- ইউপি (সকল), কমলগঞ্জ, মৌলভীবাজার।

০৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার----- কলেজ/উ:বি:/মাদ্রাসা/প্রাথ: বিদ্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার।

০৪। সভাপতি/সম্পাদক, কমলগঞ্জ প্রেসক্লাব, কমলগঞ্জ, মৌলভীবাজার।

০৫। জনাব -----